গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত)'-শীর্ষক প্রকল্পের ২০২৬-২০২৭ অর্থবছরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল পর্যালোচনা ও প্রকল্পের সার্বিক কার্যক্রম বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে এম মফিজুল ইসলাম |
| সভার তারিখ | : | ২৭-০৭-২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| সভার স্থান | : | ভার্চুয়াল সভা |
| সভায় উপস্থিতি | : | সভায় জুম প্ল্যাটফর্মে ৬৪ জেলার উপপরিচালক ও প্রকল্পের বিভাগ ও জেলার জনবল উপস্থিত ছিলেন। |

সভাপতি জুম প্লাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের অগ্রগতি, ঋণ বিতরণ ও আদায়, ঋণের ডাটাবেইজ-এ তথ্য আপলোড বিষয়ে আলোচনা করেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি সন্তোষজনক হওয়ায় তিনি উপপরিচালকগণ ও প্রকল্পের সকল জনবলকে ধন্যবাদ জানিয়েছেন। তাঁদের সর্বাত্মক চেষ্টায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়েছে।

সভাপতি সভায় ২০২৬-২০২৭ অর্থবছরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে কর্মপরিকল্পনা নির্ধারণ বিষয়ে সকলের সাথে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী জেলাভিত্তিক চলতি অর্থবছরে জুলাই/২০২৬ পর্যন্ত অর্জিত লক্ষ্যমাত্রা বাদ দিয়ে অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্থাৎ আগস্ট/২০২৬ থেকে জুন/২০২৭ পর্যন্ত উপজেলার ভৌগলিক অবস্থান এবং প্ল্যান্ট স্থাপনের উপযোগী সময় বিবেচনা করে লক্ষ্যমাত্রার বিপরীতে মাসভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

সভাপতি সভায় জানান, ঋণের ডাটাবেইজ হালনাগাদকরণ এবং স্থাপিত প্ল্যান্ট, প্রশিক্ষণ ও আর্থিক প্রতিবেদনের তথ্য প্রতিমাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে পিআইইউ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, যে সকল জেলার অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। প্রকল্পের জনবলের মুভমেন্ট চালুর বিষয়ে তিনি নির্দেশনা দেন। ১ নভেম্বর জাতীয় যুব দিবসের ৬৪টি জেলার বায়োগ্যাস পল্লী একযোগে উদ্বোধন করার লক্ষ্যে ৩১ আগস্ট/২০২৬ তারিখের মধ্যে বায়োগ্যাস পল্লী স্থাপনের কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন, ৪´×২.৫´ সাইজের ব্যানারের নমুনা জেলা পর্যায়ে দেয়া হবে যা প্ল্যান্ট স্থাপনকারীর বাড়ীর সম্মুখে দর্শনীয় স্থানে টানিয়ে দিতে হবে।

জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক, ইমপ্যাক্ট-৩য় পর্যায় সভায় বলেন, মাঠ পর্যায়ে ঋণ তহবিলের হিসাব রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে। ৩য় পর্যায়ে কোনো কিস্তি খেলাপী না হয় সে বিষয়ে সকলকে যত্নবান হতে হবে। প্রকল্পের ঋণের টাকা যাদের হাতে হস্তমজুদ রয়েছে দ্রুত ব্যাংক জমা প্রদান করার জন্য তিনি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. উপজেলার ভৌগলিক অবস্থান এবং প্ল্যান্ট স্থাপনের উপযোগী সময় বিবেচনা নিয়ে ২০২৬-২০২৭ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের মাসভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ০৩-০৮-২০২৬খ্রি.তারিখের মধ্যে পিআইইউ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

২. ঋণ, প্রশিক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রতিমাসের ০৫(পাঁচ)তারিখের মধ্যে পিআইইউ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩. যে সকল জেলায় বায়োগ্যাস পল্লী স্থাপনের কাজ সম্পন্ন হয়নি আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে ।

৪. ডাটাবেজে ঋণের তথ্য হালনাগাদ রাখতে হবে।

৫. মাঠ পর্যায়ে ঋণ তহবিল হিসাব রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে।

৬. ঋণের টাকা যাদের হাতে গচ্ছিত আছে দ্রুত ব্যাংক জমা প্রদান করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৭/২০২৬

এ কে এম মফিজুল ইসলাম
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট-৩য় পর্যায়

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪৪.০৬.৮৬.২৫- ০২০

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,........................(সকল) জেলা।
০৪। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
০৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৬। অফিস কপি।

২৭.০৭.২০২৬

মোঃ হামিদুর রহমান
উপপরিচালক
ইমপ্যাক্ট-৩য় পর্যায় প্রকল্প